

বাগেরহাটে নকলে সহযোগিতা ২ শিক্ষকসহ ছাত্র বহিষ্কার

প্রতিনিধি, বাগেরহাট

বাগেরহাটের মোড়েলগঞ্জ জেএসসি, ভোকেশনাল পরীক্ষায় ইংরেজি ১ম পত্র পরীক্ষায় নকলে সহযোগিতা ও অসাধুপায় অবলম্বনের অভিযোগে দুই শিক্ষকসহ এক ছাত্রকে বহিষ্কার করা হয়েছে। বৃহস্পতিবার নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ ওবায়দুর রহমান তাদের বহিষ্কার করেন। মোড়েলগঞ্জ পৌর সদরের জেএসসি ভেন্যু কেন্দ্র কেজি মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন কালে নির্বাহী ম্যাজিস্ট্রেট মুহাম্মদ ওবায়দুর রহমান ২নং কক্ষে এসিলাহা পাইলট উচ্চ বিদ্যালয়ের এক ছাত্রকে নকলসহ হাতে নাতে ধরে ফেলে।

এ সময় কক্ষে কর্তব্যরত একই বিদ্যালয়ের সহকারি শিক্ষিকা নাজমুন নাহার হ্যাপি ও সেতারা আকরাস টেকলিক্যাল কলেজের ভোকেশনাল শাখার সহকারী শিক্ষক জাহানারা আক্তার ঐ ছাত্র কে নকলের সহযোগিতা করেন বলে প্রতীয়মান হয়। এই অভিযোগে ইউএনও ওই দুই শিক্ষিকা ও ছাত্রকে বহিষ্কার করেন। একই কক্ষে একই বিদ্যালয়ের শিক্ষক কিভাবে দায়িত্ব পালন করেন এ বিষয়ে জানতে চাইলে সহকারী কেন্দ্র সচিব সুপার নুরুল ইসলাম তালুকদার জানান, শিক্ষক সংকট থাকার কারণে তাকে কক্ষ পরিদর্শকের দায়িত্ব দেয়া হয়েছে। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার জানান, ঐ কক্ষে একই বিদ্যালয়ের ছাত্র শিক্ষক কিভাবে দায়িত্ব পালন করেন তা তিনি অবগত নন। তবে বিষয়টি খতিয়ে দেখা হবে।